ভোরের কাগজ

ভোরের কাগজ

তারিখ ....10 APR 2003..
পৃষ্ঠা ...... কলাম .....

# হিন্দু ফাউন্ডেশন এ বছর ২৬৯ ছাত্রছাত্রীকে মেধাবৃত্তি দিয়েছে

চট্টগ্রাম অফিস : বাংলাদেশ হিন্দু ফাউন্ডেশন এ বছর ২৬৯ জন গরিব ও মেধাবী ছাত্রছাত্রীদের ২ লাখ ৫১ হাজার ৬৫০ টাকা শিক্ষাবৃত্তি, ৮২টি বিয়ের জন্য কন্যাদায়গ্রস্ত গরিব অভিভাবকদের ৭১ হাজার টাকা আর্থিক অনুদান, ১৪ জন অসহায় দুঃস্থ রোগীর চিকিৎসার জন্য ৩০ হাজার ৬০০ টাকা চিকিৎসা সহযোগিতাসহ জেলার বিভিন্ন অঞ্চলে সাম্প্রদায়িক সন্ত্রাস ও অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারকে ১৩ হাজার টাকা আর্থিক অনুদান দিয়েছে।

গত শুক্রবার নগরীর মোমিন রোডস্থ ফাউন্ডেশনের নিজস্ব ভবনে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভায় পঠিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। ফাউন্ডেশনের চেয়ারম্যান প্রধান বিপ্লবী বিনোদ বিহারী চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত ২০তম এই বার্ষিক সভায় প্রতিবেদন পাঠ করেন তিনকড়ি চক্রবর্তী। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এডভোকেট সুভাষ চন্দ্র লালা, এডভোকেট পূর্ণেন্দু বিকাশ চৌধুরী, ইন্দু নন্দন দত্ত, এডভোকেট রানা দাশ গুপ্ত, দুলাল মজুমদার, সুকোমল চৌধুরী, শ্যামল পালিত, এডভোকেট নিতাই প্রসাদ ঘোষ, এডভোকেট তৃষ্ণা ভট্টাচার্য, তাপসনন্দী প্রমুখ।

সভায় বক্তারা অবিলম্বে ইরাক যুদ্ধ বন্ধ করে বিশ্বশান্তি প্রতিষ্ঠার এবং দেশের অভ্যন্তরে সাম্প্রদায়িক সহিংসতা বন্ধের জোর দাবি জানানো হয়।